আজকের কাগজ

তারিখ 13 DEC 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ২ ...

# সিলেটে প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

শামীম আহমদ সিদ্দিকী ঃ সিলেট সদর থানার প্রাথমিক বিদ্যালয়সমূহের বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে এখন শহর ও শহরতলীর বিভিন্ন স্থানে অবাধে বিক্রি হচ্ছে। সদর থানাধীন প্রায় দু'শতাধিক প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার জন্যে এবার একই প্রশ্নপত্র তৈরি করেছেন থানা শিক্ষা অফিসার। গত ৮ ডিসেম্বর থেকে শুরু হওয়া বার্ষিক পরীক্ষায় প্রায় ৪০ হাজার ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে। গত ১১ ডিসেম্বর প্রথম প্রশ্নপত্র ফাঁস হয় বাংলা বিষয়ের এবং ঐদিন থেকেই প্রায় সব বিষয়ের প্রশ্নপত্র বাজারে বিক্রি শুরু হয় চড়া মূল্যে। প্রশ্নপত্র ফাঁসের ঘটনা জানার পরও থানা শিক্ষা অফিসার ঐ প্রশ্নপত্র দিয়েই বাকি পরীক্ষাগুলো চালিয়ে যাচ্ছেন। আজ সোমবার সদর থানার ৫ম শ্রেণীর ইংরেজী পরীক্ষা এবং আগামীকাল মঙ্গলবার ধর্ম শিক্ষা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সময়সূচি নির্ধারিত রয়েছে। কিন্তু গতকাল রোববার এই প্রতিবেদক শহরের আম্বরখানা কলোনী এলাকা ও দক্ষিণ সুরমা এলাকায় ঐ দু'টি বিষয়ের প্রশ্নপত্র প্রতি কপি ২০ টাকায় বিক্রি করতে দেখেন এবং একশ্রেণীর দালালরা নির্ধারিত পরীক্ষার ২/৩ দিন আগেই টাকার বিনিময়ে তা কোমলমতি ছাত্রদের হাতে পৌঁছে দিচ্ছে। কিছুসংখ্যক অসাধু শিক্ষক ও থানা শিক্ষা অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তারা এহেন কার্যকলাপে জড়িত বলে অভিযোগ উঠেছে।